গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
**বান্দরবান পার্বত্য জেলা পরিষদ**
বান্দরবান।
ফোন: +৮৮০২৩৩৩৩০২১৬১ (অফিস), www.bhdc.gov.bd, bhdcbd@gmail.com

স্মারক নং- ২৯.৩৫.০৩০০.০০৩.১১.০০৬.২০২৪. ৫৭৪ তারিখ: ৩০/০৪/২০২৪খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৪.০০.০০০০.০৬০.১১.০০১.২৩-৬৬, তারিখ: ১৯মার্চ, ২০২৪খ্রি: মূলে ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক বান্দরবান পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত যুব উন্নয়ন অধিদপ্তরাধীন যুব প্রশিক্ষণ কেন্দ্র, বান্দরবান পার্বত্য জেলার আওতাধীন সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণীর (১৫ ও ১৮ গ্রেডভুক্ত) নিম্নবর্ণিত ০২টি শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিক ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্ন লিখিত শর্তানুযায়ী অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম ও বেতন গ্রেড | পদসংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | গাড়ী চালক (বেতন গ্রেড- ১৫) | ০১ জন | (১৮-৩০) বছর | অষ্টম শ্রেণি পাশ এবং ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্সসহ ৩(তিন) বছরের অভিজ্ঞতা। |
| ২ | মৎস্য সহকারী (বেতন গ্রেড- ১৮) | ০১ জন | (১৮-৩০) বছর | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উর্ত্তীণসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণসহ ০২(দুই) বছরের চাকুরির অভিজ্ঞতা। |

শর্তাবলী:-

১। বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ওয়েবসাইট: www.bhdc.gov.bd-তে প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবায়" অনলাইন চাকরি আবেদন" অপশনে অথবা https://recruiting.esheba-bhdc.org প্রবেশ করে online এর মাধ্যমে চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ বরাবর আগামী ২৮/০৫/২০২৪ খ্রি: বিকাল ০৪.০০ টার মধ্যে আবেদন দাখিল করতে হবে। অনলাইন আবেদন দাখিল শুরুর তারিখ ১০/০৫/২০২৪ খ্রিঃ। লিখিত আবেদন পত্র গ্রহণ করা হবে না।

১.১। অনলাইন আবেদনের ক্ষেত্রে প্রার্থীর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel /5×5 সে:মি: এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ ৬০ kb এর মধ্যে হতে হবে।

১.২। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী একটি Application ID -সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant Copy ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

১.৩। আবেদন Submit করার ৭২ ঘন্টার মধ্যে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের পরীক্ষার ফি বাবদ ১৫তম গ্রেড পদের জন্য প্রতি আবেদনে প্রদেয় ২২৫ টাকা (২০০ টাকা ও সার্ভিস চার্জ ২৫ টাকাসহ) এবং ১৮তম গ্রেড পদের জন্য প্রতি আবেদনে প্রদেয় ১১৫ টাকা (১০০ টাকা ও সার্ভিস চার্জ ১৫ টাকাসহ) (অফেরৎযোগ্য) নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী বিকাশ এর মাধ্যমে জমা দিতে হবে। পরীক্ষার ফি জমা দেয়া না হলে কোন অবস্থাতেই আবেদনপত্র গৃহীত হবে না। Application ID Mobile number দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিংক থেকে আবেদন পর পুনঃরুদ্ধার করতে পারবে।

১.৪। বিকাশের মাধ্যমে টাকা পাঠানোর প্রক্রিয়া:

১ম ধাপ: ডায়াল *২৪৭# অথবা বিকাশ অ্যাপস

২য় ধাপ: Payment অপশন বেছে নিন

৩য় ধাপ: বিকাশ মার্চেন্ট একাউন্ট- ০১৩২৬৭৪৫৯৭৯

৪র্থ ধাপ: টাকার পরিমাণ দিন

৫ম ধাপ: রেফারেন্স/তথ্যসুত্র হিসেবে আপনার আবেদন নম্বরটি দিন (এটি না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে)।

৬ষ্ঠ ধাপ: লেনদেন নিশ্চিত করতে PIN নম্বর প্রবেশ করুন XXXX (বিকাশ থেকে প্রাপ্ত SMSটি সংরক্ষণ করুন। পরবর্তীতে যে কোন সমস্যা সমাধানের জন্য বিকাশ থেকে Transaction ID টি প্রয়োজন হবে)।

৭ম ধাপ: www.bhdc.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে অথবা https://recruiting.esheba-bhdc.org থেকে Payment status পুন: চেক করে নিন।

**চেক করার নিয়ম:** Application ID আবেদনকারীর মোবাইল নম্বর পেমেন্টের মাধ্যম (বিকাশ) Transaction ID Submit করে আপনার আবেদন/পেমেন্ট নিশ্চিত করুন।

০২। শুধুমাত্র বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার বজায় থাকবে।

০৩। অসম্পূর্ণ ও ক্রটিযুক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৪। প্রার্থীর বয়সসীমা ২৫/০৫/২০২৪ খ্রিস্টাব্দে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। মুক্তিযোদ্ধা পোষ্য কোটা, উপজাতীয় কোটা এবং অন্যান্য সকল কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

০৫. এ নিয়োগ প্রক্রিয়ায় উপজাতীয় ও অ-উপজাতীয় স্থায়ী অধিবাসীদের বয়স শিথিল সংক্রান্ত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

০৬. সরকারি/ আধা-সরকারি প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীগণ মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন কপি দাখিল করতে হবে।

চলমান পাতা - ০২

০৭. মৌখিক পরীক্ষার সময় নিম্নলিখিত সনদপত্রাদি (মুলকপি এবং একসেট সত্যায়িত ফটোকপি) দাখিল করতে হবে ঃ
(ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩(তিন) কপি রঙিন ছবি, (খ) শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ সংক্রান্ত সকল সনদপত্র, (গ) পৌরসভা/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (ঘ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), (ঙ) কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রদত্ত মুক্তিযোদ্ধা পোষ্য সনদপত্র/আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সনদপত্র/এতিম ও প্রতিবন্ধী সনদপত্র (চ) বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণস্বরূপ বোমাং সার্কেল চীফ/জেলা প্রশাসকের প্রদত্ত সনদপত্র (ঘ) জাতীয় পরিচয়পত্র এবং (জ) জন্ম নিবন্ধন সনদ। বি: দ্রষ্টব্য: সকল সনদপত্র(ফটোকপি) অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীলমোহর থাকতে হবে।

০৮. আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ে যাদের আবেদপত্র সঠিক বিবেচিত হবে শুধুমাত্র তাদেরকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য যথাসময়ে ইন্টারভিউ কার্ড ডাউনলোড করার লক্ষ্যে মোবাইল মেসেজ দেয়া হবে। তাই প্রার্থীগণকে সংশ্লিষ্ট মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। অত:পর সংশ্লিষ্ট প্রার্থীগণকে Application ID এবং পাসওয়ার্ড ব্যবহার করে নিজ উদ্যোগে স্ব-স্ব ইন্টারভিউ কার্ড ডাউনলোড/রঙিন কপি প্রিন্ট করে লিখিত পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৯. আবেদনপত্র কোনো অসত্য তথা পরিবেশন করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১০. লিখিত পরীক্ষার তারিখ ও সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে অবহিত করা হবে। লিখিত বা মৌখিক বা ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২. নিয়োগ প্রক্রিয়ায় কোনো ধরণের তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৩০.৪.২৪

(ক্য শৈ হ্লা)
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
ও
সভাপতি
৩য় ও ৪র্থ শ্রেণি (১১-২০তম গ্রেডভূক্ত) কর্মচারী নিয়োগ কমিটি
যুব উন্নয়ন অধিদপ্তর, বান্দরবান।

স্মারক নং- ২৯.৩৫.০৩০০.০০৩.১১.০০৬.২০২৪. ৫৭৪ তারিখ: ৩০/০৪/২০২৪খ্রি:

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) -

০১। মাননীয় প্রতিমন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
০৩। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
০৫। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা।
০৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান রাঙ্গামাটি/খাগড়াছড়ি, পার্বত্য জেলা পরিষদ।
০৭। নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
০৮। .....................................................................................
০৯। উপজেলা চেয়ারম্যান, বান্দরবান সদর/রোয়াংছড়ি/রুমা/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান।
১০। মেয়র, বান্দরবান পৌরসভা/লামা, বান্দরবান।
১১। হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
১২। জনসংযোগ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ। (নিয়োগ বিজ্ঞপ্তিটি পরিষদের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। সম্পাদক/জেলা প্রতিনিধি, দৈনিক প্রতিদিনের বাংলাদেশ/দৈনিক নতুন বাংলাদেশ বিজ্ঞপ্তির অনুলিপি অংশবাদে আগামী ০৩ (তিন) দিনের মধ্যে বিজ্ঞপ্তিটি একটি সংখ্যায় প্রকাশ পূর্বক প্রকাশিত সংখ্যার ০২(দুই) টি কপি এবং বিল এ কার্যালয়ে প্রেরণ করার অনুরোধসহ)। (৩ কলামে ১০ ইঞ্চি সাইজে)
১৪। অফিস কপি/ নোটিশ বোর্ড, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

৩০/৪/২৪.

(মোঃ শহিদুল ইসলামা)
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, বান্দবান।
ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণি (১১-২০তম গ্রেডভূক্ত) কর্মচারী নিয়োগ কমিটি
যুব উন্নয়ন অধিদপ্তর, বান্দরবান।